# ফেব্রুয়ারি/২০১৯ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী-২

সভাপতি : মো. সিরাজুল ইসলাম
উপজেলা শিক্ষা অফিসার,মিরপুর,কুষ্টিয়া।
স্থান : উপজেলা পরিষদ অডিটোরিয়াম,মিরপুর,কুষ্টিয়া।
তারিখ : ১১/০২/২০১৯ খ্রিস্টাব্দ। সময়: সকাল ১১.০০ ঘটিকা।
উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনা ক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক বদলি | সভায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক বদলি বিষয়ে সভাপতি বিস্তারিত আলোচনা করেন। সভাপতি জানান যে, কুষ্টিয়ার মিরপুর উপজেলায় শিক্ষক বদলির নির্দেশিকা ২০১৮ অনুযায়ী শিক্ষক বদলি করা হবে। বদলির জন্য অযথা যোগাযোগ এবং আর্থিক লেনদেন না করার জন্য তিনি অনুরোধ জানান এবং উপজেলা শিক্ষা অফিস হতে বদলির বিষয়ে কোন প্রকার হয়রানির শিকার হলে তাৎক্ষণিকভাবে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার,মিরপুর,কুষ্টিয়াকে জানানোর জন্য দৃষ্টি আকর্ষণ করেন। | মিরপুর উপজেলায় প্রধান শিক্ষকের শূন্য পদ-২১টি( ৭টিতে মামলা),সহকারী শিক্ষকের শূন্য পদ-৫৪টি, প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষকের শূন্য পদ-৫টি রয়েছে। শূন্য পদে বদলির জন্য আগ্রহী শিক্ষকবৃন্দ আবেদন করতে পারবেন। ইতোমধ্যে নোটিশ বোর্ড, ওয়েব-পোর্টাল ও ফেসবুকে শুন্য পদের তালিকা প্রকাশ করা হয়েছে। বদলি হতে ইচ্ছুক শিক্ষকবৃন্দের গত ১৫ জানুয়ারির মধ্যে শূন্য পদে বদলির আবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রসহ আবেদন সংশ্লিষ্ট ক্লাস্টার অফিসারের নিকট জমা পড়েছে। শিক্ষক বদলির নির্দেশিকা ২০১৮ অনুযায়ী শিক্ষক বদলি করা হবে মর্মে সভাপতি পূনর্বার প্রধান শিক্ষকদের জানান। | প্রধান ও সহকারী শিক্ষক(সকল), সহকারী উপজেলা শিক্ষা অফিসার(সকল),মিরপুর,কুষ্টিয়া |
| ২ | শুদ্ধসুরে জাতীয় সংগীত প্রতিযোগিতা | শুদ্ধসুরে জাতীয় সংগীত প্রতিযোগিতা উপজেলা পর্যায়ে আগামী ১৪ ফেব্রুয়ারি তারিখে উপজেলা পরিষদ অডিটোরিয়ামে অনুষ্ঠিত হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | প্রতিযোগিতার সকল পর্যায়ে ১০ জন প্রতিযোগী দ্বারা দল গঠন, বিদ্যালয় পর্যায়ে ১০-২৮ জানুয়ারি,ইউনিয়ন পর্যায়ে ২৮ জানুয়ারি হতে ৫ ফেব্রুয়ারির মধ্যে প্রতিয়োগিতার আয়োজন এবং উপজেলা পর্যায়ে আগামী ১৪ ফেব্রুয়ারি তারিখে উপজেলা পরিষদ অডিটোরিয়ামে প্রতিযোগিতা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান শিক্ষক(সকল),সহকারী উপজেলা শিক্ষা অফিসার(সকল),মিরপুর,কুষ্টিয়া। |
| ৩ | পরিষ্কার পরিচ্ছন্নতা দিবস উদযাপন | "পরিষ্কার-পরিচ্ছন্ন বিদ্যালয় আমাদের অঙ্গীকার,মিরপুরের প্রতিটি বিদ্যালয় রাখবো পরিষ্কার" শ্লোগানকে সামনে রেখে মিরপুর উপজেলার সকল সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিষ্কার পরিচ্ছন্ন করার জন্য সভাপতি প্রধান শিক্ষকদের দৃষ্টি আকর্ষণ করেন এবং প্রতিটি বিদ্যালয়ে পরিষ্কার-পরিচ্ছন্নতার পরিপত্র বিতরণ করা হয়। | আগামী ৩১ জানুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ তারিখ বৃহস্পতিবার বেলা আড়াইটায় মিরপুর উপজেলার সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক,ছাত্রছাত্রী,কর্মকর্তা-কর্মচারীর সমন্বয়ে একযোগে পরিষ্কার-পরিচ্ছন্ন অভিযান পরিচালিত হয় এবং প্রতি বৃহস্পতিবার বিদ্যালয় পরিষ্কার-পরিচ্ছন্ন অভিযান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান ও সহকারী শিক্ষক(সকল),দপ্তরী কাম প্রহরী (সকল),সহকারী উপজেলা শিক্ষা অফিসার(সকল),মিরপুর,কুষ্টিয়া। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | স্লিপ ২০১৮-২০১৯ অর্থ বছর | সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২০১৮-২০১৯ অর্থবছরের স্লিপ পরিকল্পনা প্রণয়ন করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | আগামী মার্চ মাসের ১০ তারিখের মধ্যে প্রতিটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২০১৮-২০১৯ অর্থ বছরের স্লিপ পরিকল্পনা প্রণয়ন এবং স্থানীয়ভাবে অর্থ সংগ্রহের ব্যাপারেও সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান শিক্ষক(সকল),সহকারী উপজেলা শিক্ষা অফিসার(সকল),মিরপুর,কুষ্টিয়া। |
| ৫. | **লিখন ও পঠন শৈলী এবং One day one word learning বাস্তবায়ন।** | সভাপতি লিখন ও পঠন শৈলী এবং **One day one word learning** বাস্তবায়ন বিষয়ক পত্র দুইটি পাঠ করে শুনান এবং বিদ্যালয়ে অন্যান্য শিক্ষকের সাথে আলোচনা করার জন্য প্রধান শিক্ষকদের দৃষ্টি আকর্ষণ করেন। | লিখন ও পঠন শৈলী এবং **One day one word learning** বাস্তবায়ন বিষয়ক পত্র দুইটি বিদ্যালয় পর্যায়ে গুরুত্ব সহকারে বাস্তবায়ন,শিক্ষার্থীদের বাংলা ও ইংরেজি বিষয়ে আলাদা দুইটি নোটবুকে, শিক্ষকদের রেজিস্টারে তারিখ দিয়ে শব্দ লিখে রাখা এবং নির্ধারিত তারিখের মধ্যে প্রতিবেদন প্রেরণসহ সহকারী উপজেলা শিক্ষা অফিসারগণ পরিদর্শনের সময় বাস্তবায়ন বিষয়ে মনিটরিং করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান ও সহকারী শিক্ষক(সকল), সহকারী উপজেলা শিক্ষা অফিসার(সকল),মিরপুর,কুষ্টিয়া |
| ৬ | **স্টুডেন্ট কাউন্সিল** | সভায় **স্টুডেন্ট কাউন্সিল** বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | প্রতিটি বিদ্যালয়ে **স্টুডেন্ট কাউন্সিলের পরিপত্র বিতরণ করা হয় এবং নির্দেশনা মোতাবেক** সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে **২০১৯ সালের স্টুডেন্ট কাউন্সিল** গঠনের জন্য প্রধান শিক্ষকদের অনুরোধ জানানো হয়। সহকারী উপজেলা শিক্ষা অফিসারগণ বিদ্যালয় পরিদর্শনের সময় এবিষয়ে মনিটরিং করবেন। | প্রধান ও সহকারী শিক্ষক(সকল), সহকারী উপজেলা শিক্ষা অফিসার(সকল),মিরপুর,কুষ্টিয়া |
| ৭ | **শিশু জরীপ ও ভর্তি** | শিশু জরীপ ও ভর্তি বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | শিশু জরীপ ও ভর্তির তথ্য সকল প্রধান শিক্ষক জমা দেন এবং সঠিকভাবে ঝরে পড়ার তথ্য নিরূপন করার জন্য প্রধান শিক্ষকদের অনুরোধ জানানো হয়। | প্রধান শিক্ষক(সকল),সহকারী উপজেলা শিক্ষা অফিসার(সকল),মিরপুর,কুষ্টিয়া। |
| ৮ | **প্রাক-প্রাথমিক শ্রেণিকক্ষ সজ্জিতকরণের জন্য নতুন বরাদ্দ** | সভায় প্রাক-প্রাথমিক শ্রেণিকক্ষ সজ্জিতকরণ ও বরাদ্দ বিষয়ে আলোচনা করা হয়। | প্রাক-প্রাথমিক শ্রেণির সজ্জিতকরণ ও উপকরণ ক্রয় বাবদ প্রতিটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অনুকূলে ২০১৮-১৯ অর্থবছরে ১০০০০(দশ হাজার টাকা) করে অগ্রিম বরাদ্দ প্রদান করা হয়েছে। বরাদ্দকৃত অর্থ দ্বারা প্রাক-প্রাথমিক শ্রেণিকক্ষ সুন্দরভাবে নীতিমালা অনুযায়ী সজ্জিত করণ, প্রয়োজনীয় উপকরণ ক্রয়, প্রতিটি বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শিক্ষার্থীদের জন্য কমপক্ষে ১টি প্লাস্টিকের মানসম্মত স্লীপার, ২টি গামলা, একটি পানির ফিল্টার, ৬টি গ্লাস, ২টি রেজিস্টার ক্রয় করার জন্য প্রধান শিক্ষকদের অনুরোধ জানান হয়। সহকারী উপজেলা শিক্ষা অফিসারগণ সজ্জিতকরণ ও ক্রয় নিশ্চিতকরণে মনিটরিং করবেন মর্মে সিদ্ধান্ত হয়। | প্রধান ও সহকারী শিক্ষক(প্রাক-প্রাথমিক), সহকারী উপজেলা শিক্ষা অফিসার(সকল),মিরপুর,কুষ্টিয়া |
| ৯ | **২০১৯ সালের জানুয়ারি-মার্চ মাসের উপবৃত্তির ডিসভার্সমেন্ট শীট তৈরি** | সভায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে **২০১৯ সালের জানুয়ারি-মার্চ মাসের উপবৃত্তির ডিসভার্সমেন্ট শীট ও রেজিস্টার তৈরি** বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে **২০১৯ সালের জানুয়ারি-মার্চ মাসের উপবৃত্তির ডিসভার্সমেন্ট শীট ও রেজিস্টার তৈরি** করে সংশ্লিষ্ট ক্লাস্টার অফিসার ও উপজেলা শিক্ষা অফিসারের স্বাক্ষর নিয়ে রেজিস্টার সংরক্ষণের জন্য প্রধান শিক্ষককে অনুরোধ জান্মনো হয়। | প্রধান শিক্ষক(সকল), সহকারী উপজেলা শিক্ষা অফিসার(সকল),মিরপুর,কুষ্টিয়া। |
| ১০ | **কাব দল ও হলদে পাখির ঝাঁক** | সভায় কাব দল ও হলদে পাখির ঝাঁক বিষয়ে বিস্তারিত আলোচনা | আগামী ১২/০২/১৯ খ্রিঃ তারিখে উপজেলা পর্যায়ে ৬ষ্ঠ কাব-ক্যাম্পুরী -২০১৯ আয়োজন | প্রধান শিক্ষক(সকল), কাব |

| | | | | |
|---|---|---|---|---|
| | | করা হয়। সভাপতি মিরপুর উপজেলায় ইতোমধ্যে ১৪৩ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বালক ও বালিকা পৃথক কাব দল গঠন করে কার্যক্রম পরিচালনার জন্য শিক্ষকবৃন্দকে ধন্যবাদ জানান। | করা হবে। উপজেলা কাব-ক্যাম্পুরীতে মিরপুর মডেল সপ্রাবি,বর্ডার গার্ড সপ্রাবি,হাজী আব্দুর রশিদ সপ্রাবি ও মির্জানগর সপ্রাবির দলগুলো উপজেলা পর্যায়ের কাব-ক্যাম্পুরীতে অংশগ্রহণ করবে। হলদে পাখির ঝাঁক গঠন ও কার্যক্রম পরিচালনার জন্য বিজ্ঞ পাখির তালিকা প্রণয়ন ও বিজ্ঞ পাখিকে প্রশিক্ষণের জন্য প্রতিটি সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে ১ জন করে স্মার্ট ও কম বয়সী শিক্ষিকার নামের তালিকা উপজেলা শিক্ষা অফিসে জমা প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | শিক্ষক(সকল),সহকারী উপজেলা শিক্ষা অফিসার(সকল),মিরপুর,কুষ্টিয়া |
| ১১ | হত দরিদ্র শিক্ষার্থীর তালিকা প্রণয়ন | সভায় সভাপতি জানান যে, মিরপুর উপজেলার কোন শিশু দারিদ্রতার জন্য যেন প্রাথমিক শিক্ষা হতে ঝরে না পড়ে এজন্য বিদ্যালয় ভিত্তিক হত দরিদ্র শিক্ষার্থীর তালিকা প্রণয়ন করা প্রয়োজন। | মিরপুর উপজেলার কোন শিশু দারিদ্রতার জন্য যেন প্রাথমিক শিক্ষা হতে ঝরে না পড়ে এবং দরিদ্র শিক্ষার্থীদের সহযোগিতা প্রদানের জন্য বিদ্যালয় ভিত্তিক হতদরিদ্র শিক্ষার্থীর তালিকা প্রণয়ন করে প্রধান শিক্ষকগণ জমা দেয়ায় সভাপতি শিক্ষকবৃন্দকে ধন্যবাদ জানান। | প্রধান শিক্ষক(সকল), কাব শিক্ষক(সকল),সহকারী উপজেলা শিক্ষা অফিসার(সকল),মিরপুর,কুষ্টিয়া |
| ১২ | শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৯ | সভায় যথাযোগ্য মর্যাদায় শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৯ আয়োজন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | পৌরসভার ছয়টি সরকারি প্রাথমিক বিদ্যালয় উপজেলায় শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করবে এবং অন্যান্য সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বিদ্যালয় পর্যায়ে যথাযোগ্য মর্যাদায় শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৯ পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান শিক্ষক(সকল), কাব শিক্ষক(সকল),সহকারী উপজেলা শিক্ষা অফিসার(সকল),মিরপুর,কুষ্টিয়া। |
| ১৩ | সামাজিক যোগাযোগ মাধ্যমে নেতিবাচক স্ট্যাটাস/মন্তব্য | সভায় সামাজিক যোগাযোগ মাধ্যমে নেতিবাচক স্ট্যাটাস/মন্তব্য না করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | মিরপুর উপজেলার সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের সামাজিক যোগাযোগ মাধ্যমে নেতিবাচক স্ট্যাটাস/মন্তব্য না করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং প্রধান শিক্ষকদের মাধ্যমে সহকারী শিক্ষকদেরও এ ব্যাপারে তৎপর হওয়ার জন্য অনুরোধ হয়। প্রাথমিক শিক্ষা পরিবারের সকলকে সামাজিক যোগাযোগ মাধ্যমে ইতিবাচক স্ট্যাটাস/মন্তব্য করার ব্যাপারে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান ও সহকারী শিক্ষক(সকল), সহকারী উপজেলা শিক্ষা অফিসার(সকল),মিরপুর,কুষ্টিয়া |
| ১৪ | মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে নির্দিষ্ট সময়ে বিদ্যালয়ে শিক্ষক-শিক্ষিকাদের উপস্থিতি সংক্রান্ত | সভায় মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে নির্দিষ্ট সময়ে বিদ্যালয়ে শিক্ষক-শিক্ষিকা উপস্থিতি সংক্রান্ত বিষয়ে সভাপতি প্রধান শিক্ষকদের দৃষ্টি আকর্ষণ করেন এবং প্রতিটি বিদ্যালয়ে মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে নির্দিষ্ট সময়ে বিদ্যালয়ে শিক্ষক-শিক্ষিকা উপস্থিতি সংক্রান্ত পরিপত্র বিতরণ করা হয়। | মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে নির্দিষ্ট সময়ে বিদ্যালয়ে শিক্ষক-শিক্ষিকাদের উপস্থিতি নিশ্চিতকরণের লক্ষ্যে সকল শিক্ষককে সকাল ৯.০০ টার মধ্যে বিদ্যালয়ে উপস্থিত এবং ৯.১৫ টায় শ্রেণি কার্যক্রম শুরুর ব্যাপারে সকল প্রধান শিক্ষককে অবগত করা হয়। মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে নির্দিষ্ট সময়ে বিদ্যালয়ে শিক্ষক-শিক্ষিকাদের উপস্থিতি সংক্রান্ত পরিপত্র অনুসরণ করার ব্যাপারে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। দৈনিক সমাবেশ এক শিফট ও দুই শিফট বিশিষ্ট উভয় বিদ্যালয়ে ১(এক) বার করার ব্যাপারে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান ও সহকারী শিক্ষক(সকল), সহকারী উপজেলা শিক্ষা অফিসার(সকল),মিরপুর,কুষ্টিয়া |
| ১৫ | ই-প্রাইমারি স্কুল সিস্টেমে ২০১৯ সালের সকল তথ্য হালফিলকরণ | সভায় ই-প্রাইমারি স্কুল সিস্টেমে ২০১৯ সালের সকল তথ্য হালফিল বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ই-মনিটরিং বাস্তবায়নের লক্ষ্যে মিরপুর উপজেলার সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের ই-প্রাইমারি স্কুল সিস্টেমে ২০১৯ সালের সকল তথ্য হালফিল করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান ও সহকারী শিক্ষক(সকল), সহকারী উপজেলা শিক্ষা অফিসার(সকল),মিরপুর,কুষ্টিয়া। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | সকল প্রকার চিঠি/পরিপত্র বিদ্যালয়ে সংরক্ষণ | সভায় সকল প্রকার চিঠি/পরিপত্র বিদ্যালয়ে সংরক্ষণ করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় প্রাগম,ডিপিই,বিভাগীয় কার্যালয়, জেলা ও উপজেলা শিক্ষা অফিস হতে প্রাপ্ত সকল প্রকার চিঠি/পরিপত্র বিদ্যালয়ে সংরক্ষণের পাশাপাশি সকল পরিপত্র যত্ন সহকারে পড়ার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং প্রধান শিক্ষকদের মাধ্যমে সহকারী শিক্ষকদেরও এ ব্যাপারে তৎপর হওয়ার জন্য অনুরোধ করা হয়। | প্রধান ও সহকারী শিক্ষক(সকল), সহকারী উপজেলা শিক্ষা অফিসার(সকল),মিরপুর,কুষ্টিয়া |
| ১৭ | সকল শিক্ষক সকল শ্রেণির পাঠ্যপুস্তক অধ্যয়ন এবং পাঠ শেষে মূল্যায়ন ও প্রতি অধ্যায় শেষে পরীক্ষা গ্রহণ। ইংরেজি ও গণিতে বেশি গুরুত্ব প্রদান | সভায় সকল শিক্ষক সকল শ্রেণির সকল পাঠ্যপুস্তক অবশ্যই পড়বেন এবং পাঠ শেষে অবশ্যই মূল্যায়ন ও প্রতি অধ্যায় শেষে পরীক্ষা নেয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় সকল শিক্ষক সকল শ্রেণির সকল পাঠ্যপুস্তক পড়ে শ্রেণি পাঠদান এবং পাঠ শেষে অবশ্যই মূল্যায়ন করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া প্রতি অধ্যায় শেষে পরীক্ষা নেয়ার ও পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন শেষে মূল্যায়িত উত্তরপত্র শিক্ষার্থীদের বাড়িতে দিয়ে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান ও সহকারী শিক্ষক(সকল), সহকারী উপজেলা শিক্ষা অফিসার(সকল),মিরপুর,কুষ্টিয়া |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১১/২/১৯

মো. সিরাজুল ইসলাম
সভাপতি
প্রধান শিক্ষকদের অংশগ্রহণে মাসিক সমন্বয় সভা
ও
উপজেলা শিক্ষা অফিসার,মিরপুর,কুষ্টিয়া।

স্মারক নং- ৩৮.০১.৫০৯৪.০০০.০৬.০০১.১৭-৯৪

তারিখ ঃ ১১ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:**

১. মাননীয় সংসদ সদস্য,৭৬, কুষ্টিয়া-২, বাংলাদেশ জাতীয় সংসদ।
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ,মিরপুর,কুষ্টিয়া।
৩. বিভাগীয় উপ-পরিচালক,প্রাথমিক শিক্ষা,খুলনা বিভাগ,খুলনা।
৪. উপজেলা নির্বাহী অফিসার, মিরপুর, কুষ্টিয়া।
৫. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কুষ্টিয়া।
৬. সহকারী উপজেলা শিক্ষা অফিসার (সকল) মিরপুর, কুষ্টিয়া।
৭. প্রধান শিক্ষক(সকল),সপ্রাবি,মিরপুর,কুষ্টিয়া।
৮. অফিস কপি।

১১/২/১৯

মো. সিরাজুল ইসলাম
উপজেলা শিক্ষা অফিসার
মিরপুর, কুষ্টিয়া।
ফোন-০৭০২৬ ৫৬৩৫০